"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

স্থাপিত - ১৮৯৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

# কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা

ফোনঃ ৮৮-০৮১-৬৫৯৮৮ (ডিগ্রী শাখা); ৬৫২৪৫ (উচ্চমাধ্যমিক শাখা)
ফ্যাক্স ঃ ৮৮-০৮১-৭১১৬১; ই-মেইল : principal@cvgc.edu.bd ওয়েব সাইট : www.cvgc.edu.bd
Facebook Page: https://www.facebook.com/cvgc.edu.bd1

তারিখ : ৩০/১১/২০২১ খ্রি.

## ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের মাস্টার্স শেষপর্ব শ্রেণির নিয়মিত কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যায়ের অধীন ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষপর্ব শ্রেণির নিয়মিত কোর্সে **১ম** মেধাতালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তির যাবতীয় তথ্য নিম্নে দেয়া হলো ঃ

**ভর্তির তারিখ : ০১/১২/২০২১ হতে ০৯/১২/২০২১ খ্রিস্টাব্দ পর্যন্ত।**

**চূড়ান্ত ভর্তির ধাপসমূহ :**

১. জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (http://app1.nu.edu.bd/) প্রবেশ করে চূড়ান্ত ভর্তির আবেদন ফরম পূরণ ও প্রিন্ট করতে হবে।
২. কলেজের ওয়েব সাইট (www.cvgc.edu.bd) এ প্রবেশ করে শিক্ষার্থীর তথ্য ফরম পূরণ ও প্রিন্ট করতে হবে।
৩. ভর্তি ফি'র টাকা কেন্দ্রীয় তহবিল-১১, হিসাব নম্বর- ০৩৫৮১০১১১২০৬১ এর স্লিপ সংশ্লিষ্ট বিভাগ হতে সংগ্রহ করে পূবালী ব্যাংক লিঃ, কলেজ শাখা/ইসলামিক উইন্ডো শাখা/কুমিল্লা প্রধান শাখায় নগদ জমা দিতে হবে।

**ভর্তি ফি:**

ক) কলা/ ব্যবসায় শিক্ষা/ সমাজবিজ্ঞান অনুষদ= ৩৬৫৭/-
খ) বিজ্ঞান অনুষদ= ৩৯০৭/-

বিভাগীয় সেমিনার ফি ও অভ্যন্তরীণ পরীক্ষা ফি সংশ্লিষ্ট বিভাগের রসিদের মাধ্যমে স্ব-স্ব বিভাগে পরিশোধ করতে হবে।

**৪. ভর্তির প্রয়োজনীয় কাগজপত্র :**

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট হতে ডাউলোডকৃত ভর্তির চূড়ান্ত আবেদন ফরম।
খ) এস.এস.সি, এইচ.এস.সি/সমমান ও অনার্স/মাস্টার্স ১মপর্ব পরীক্ষা পাসের নম্বর পত্র ও সনদপত্রের ০২টি করে ফটোকপি।
গ) অনার্স/মাস্টার্স ১মপর্ব কোর্স এর রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।
ঘ) মাস্টার্স শেষপর্ব কোর্সে ভর্তির প্রাথমিক আবেদন ফরমের মূল কপি।
ঙ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি-০২ কপি।
চ) কলেজের ওয়েব সাইট (www.cvgc.edu.bd) এ গিয়ে শিক্ষার্থীর তথ্য ফরম পূরণ পূর্বক প্রিন্ট কপি।
ছ) পূবালী ব্যাংক লিঃ এ ভর্তি ফি জমার Pay slip এর কপি।

**বি.দ্র. উপর্যুক্ত কাগজপত্রসমূহ বিভাগে জমা দেয়ার পরই ভর্তি নিশ্চয়নের কাজ সম্পন্ন হবে।**

**ভর্তি সংক্রান্ত তথ্যাদি জাতীয় বিশ্ববিদ্যালয়ের (www.nu.ac.bd) বিজ্ঞপ্তি হতে জানা যাবে।**

৩০.১১.২১

**প্রফেসর ড. আবু জাফর খান (৩৯১৪)**
অধ্যক্ষ
কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ
কুমিল্লা

প্রফেসর ড. আবু জাফর খান (৩৯১৪)
অধ্যক্ষ
কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ
কুমিল্লা।

**বিতরণ:**

০১. উপাধ্যক্ষ, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা
০২. বিভাগীয় প্রধান, ......................... বিভাগ, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা। (সংশ্লিষ্ট বিভাগকে প্রতিদিন ভর্তিকৃত শিক্ষার্থীর সংখ্যা এবং শূণ্য আসন সংখ্যা সরবরাহকৃত ফরমে দুপুর ৩:০০ ঘটিকার মধ্যে কলেজ অফিসের ভর্তি শাখায় অবশ্যই জমা দিতে হবে।)
০৩. সম্পাদক, শিক্ষক পরিষদ, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা
০৪. ব্যবস্থাপক, পূবালী ব্যাংক লিঃ, ... ... ... ... ... ... ... ... ... ... ... ... শাখা, কুমিল্লা।
০৫. কলেজ ওয়েবসাইট/নোটিশ বোর্ড।
০৫. অফিস কপি

# জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং- ১৬(৭৫১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি/২০১৯-২০২০/৪৭৩৫ তারিখ: ২৫/১১/২০২১

অধ্যক্ষ
কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ

## ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে মেধা তালিকা প্রকাশ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃক চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমের মেধা তালিকা ২৯ নভেম্বর ২০২১ তারিখ বিকাল ৪টায় প্রকাশ করা হবে। উক্ত ফলাফল SMS (nu<space>atmf<space>roll no টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে একইদিন বিকাল ৪টা থেকে এবং ভর্তি বিষয়ক ওয়েবসাইট ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) রাত ৯টা থেকে পাওয়া যাবে। উল্লেখ্য যে, ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) অথবা মাস্টার্স প্রফেশনাল কোর্সে (যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত অবস্থায় থাকলে তাকে অবশ্যই ০৬ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে পূর্ববর্তী ভর্তি বাতিল করে এ শিক্ষা কার্যক্রমে ভর্তি হতে হবে অন্যথায় দ্বৈত ভর্তির কারণে তার রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস ১২ ডিসেম্বর ২০২১ তারিখ থেকে শুরু হবে। এ ভর্তি কার্যক্রমের বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Prospectus/Important Notice অপশন থেকে জানা যাবে।

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে মেধা তালিকার ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

| ক্রমিক | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ক) | মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ ও এর প্রিন্ট কপি সংগ্রহের তারিখ:<br>মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Applicant Login অপশন থেকে Masters (Regular) Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে এবং এর প্রিন্ট কপি সংগ্রহ করতে হবে। | ২৯/১১/২০২১ থেকে ০৮/১২/২০২১ |
| খ) | মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি [শিক্ষার্থী প্রতি ৮৩৫/- (আটশত পঁয়ত্রিশ) টাকা হারে] সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে জমা দেয়ার তারিখ: | ৩০/১১/২০২১ থেকে ০৯/১২/২০২১ |
| গ) | সংশ্লিষ্ট কলেজ কর্তৃক মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি নিশ্চয়নের তারিখ:<br>কলেজ কর্তৃপক্ষকে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি যাচাই করে অনলাইনে চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে হবে। কোন শিক্ষার্থীর ভর্তি ফরমে প্রদর্শিত তথ্য ও ছবিতে অসংগতি বা গড়মিল পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকে ঐ শিক্ষার্থীর ভর্তি নিশ্চয়ন না করে বিষয়টি লিখিতভাবে ডিন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র বরাবর জানাতে হবে। | ৩০/১১/২০২১ থেকে ১১/১২/২০২১ |
| ঘ) | কলেজ কর্তৃপক্ষকে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্টেশন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [শিক্ষার্থী প্রতি ৮৩৫/- (আটশত পঁয়ত্রিশ) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে Login এর মাধ্যমে Admission Payment Info (Masters Reg.) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করতে হবে। Pay Slip-এ ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে "রেজিস্ট্রেশন ফি" খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- 0218100000134 উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। | ১২/১২/২০২১ থেকে ১৫/১২/২০২১ |

বি: দ্র: সংশ্লিষ্ট সকলকে কোভিড-১৯ মহামারি সম্পর্কিত সকল স্বাস্থ্যবিধি মেনে এ ভর্তি কার্যক্রম অনলাইনে সম্পন্ন করতে হবে।

স্বাক্ষরিত/-
(প্রফেসর ড. মো: আনোয়ার হোসেন)
ডিন
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ই-মেইল- pgdeanoffice@gmail.com

স্মারক নং- ১৬(৭৫১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি/২০১৯-২০২০/৪৭৩৫ তারিখ: ২৫/১১/২০২১

বিতরণ:

১। পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
২। পরিচালক, অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩। পরিচালক, জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় *(ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)*
৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। সচিব, ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮। অফিস কপি

স্বাক্ষরিত/-
উপ-রেজিস্ট্রার (মাস্টার্স)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪